গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা) ও টিম লিডার |
| তারিখ | : | ২১ আগস্ট, ২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১১.০০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউনিটের ইনোভেশন টিমের সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জিল্লুর রহমান বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন। | বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়। | গত ০২ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত ইউনিট-এর ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন। | সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয়। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট জানান, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সহজিকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক এবং সেবাটি চালু রেখে, ই-নথিতে নোট নিষ্পত্তিসহ তথ্য বাতায়ন হালনাগাদ করে আগামী ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা যায়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিকের কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন করে আগামী ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৩. | ইউনিটের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের বার্ষিক উদ্ভাবনী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনার আওতায় "সেবা | ইউনিটের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে ইউনিটের কর্মকর্তা-কর্মচারী | সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | উদ্ভাবনী ধারণার (Innovation Idea) প্রস্তাব নির্বাচন। | সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন” বিষয়ে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন সংক্রান্ত ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণার প্রস্তাব দাখিলের জন্য একটি উদ্ভাবনী ধারণার প্রস্তাব দাখিলের জন্য ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণকে পত্র দেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | কর্তৃক ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণার প্রস্তাব জমা দেওয়ার লক্ষ্যে পত্র জারির সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪. | ই-নথিতে নোট নিষ্পন্নকরণ। | ফোকাল পয়েন্ট জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৪.১.১ অনুযায়ী ৮০% নথির নোট ই-নথিতে নিষ্পত্তির পরিকল্পনা রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের জন্য দিনব্যাপী ই-নথি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে এবং ১৪ মার্চ ২০২৩ তারিখের ৩৮.০০.০০০০.০০৫.০১.০১৫. ১৯.২৩১ নম্বর স্মারকে প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা এবং আইন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণকে তাঁদের এখতিয়ারাধীন নথির ৮৫% ই-নথিতে উপস্থাপনের জন্য পত্র দেওয়া হয়েছে। কিন্তু এ যাবৎ কোনো শাখায় ই-নথিতে নোট নিষ্পত্তির কার্যক্রম শুরু করা হয়নি। | প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা এবং আইন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ কর্তৃক তাঁদের এখতিয়ারাধীন নথির ৮০% ই-নথিতে উপস্থাপনের লক্ষ্যে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে পুনরায় পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন) |
| ৫. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রথম কর্মশালা আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ কার্যক্রমের ৬.১.২ কর্মসম্পাদন সূচক অনুযায়ী চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক দুটি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা রয়েছে। আগামী সেপ্টেম্বর, ২০২৩ মাসে ইউনিটের সভাকক্ষে প্রথম কর্মশালাটি আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া কর্মশালায় দলীয় কাজের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | আগামী সেপ্টেম্বর, ২০২৩ মাসের মধ্যে ইউনিটের সভাকক্ষে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রথম কর্মশালাটি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | বিবিধ। | ফোকাল পয়েন্ট জানান, ত্রৈমাসিক ভিত্তিতে ইউনিটের তথ্য বাতায়ন হালনাগাদ করার কর্মপরিকল্পনা রয়েছে। সে মোতাবেক পরিচালক (মনিটরিং-১) ও পরিচালক (মনিটরিং-২) এর শূন্য ঘরে দায়িত্ব পরিচালক (প্রশাসন ও অর্থ) মহেদায়ের নাম, উপপরিচালক, রাজশাহী, রংপুর, চট্টগ্রাম, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম সুনির্দিষ্ট রূপে প্রদর্শন করা যেতে পারে। বিষয়টি নিশ্চিত করার জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক (প্রশাসন) এর তত্ত্বাবধানে জনাব মোঃ জসিম উদ্দিন, কম্পিউটার অপারেটর-কে ত্রৈমাসিক ভিত্তিতে ইউনিটের তথ্য বাতায়ন হালনাগাদসহ এতৎসংক্রান্ত প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ ও মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন) |

৩। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/08/2023

মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশা ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.০৩.০০০০.২০৫.২৯.০৭৮.২০১৮. ৬৯৭

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), ............ ......। এ ইউনিট।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫। জনাব/বেগম .........................., এ ইউনিট।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

22.08.2023

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর বার্ষিক উদ্ভাবনী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিম-এর সভার হাজিরা শীট

সভার তারিখ: ২১ আগস্ট ২০২৩ খ্রি, বেলা: ১১.০০টা
স্থান: সভাকক্ষ, সিপিইআইএমইউ, শিক্ষা ভবন, ঢাকা

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি | মুঠোফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা), | টিম লিডার | ০১৭১২৮১৯৯৯৪ | |
| ২. | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা,<br>উপপরিচালক (প্রশাসন) | সদস্য | ০১৭১১৯৩২৮৫৩ | |
| ৩. | জনাব মোঃ জিল্লুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন) | সদস্য সচিব | ০১৯১২৭৫৪৮৪৯ | |